পোল্ট্রি ম্যানেজার

ইউজার ম্যানুয়াল



স্মার্ট পোল্ট্রি খামার ব্যবস্থাপনার অ্যাপ...

মানু ফার্মস বাংলাদেশ

www.manufarms.com

Poultry Manager

Safe Chicken - Farm To Fork

পোল্ট্রি খামারিদের সম্ভাবনাময় পোল্ট্রি ব্যবসা সহজ এবং ঝুঁকিমুক্ত ভাবে ডিজিটাল পদ্ধতিতে স্মার্ট পোল্ট্রি খামারে পরিণত করাই পোল্ট্রি ম্যানেজার অ্যাপের মূল লক্ষ্য এবং উদ্দেশ্য।

পোল্ট্রি ম্যানেজার অ্যাপটির মাধ্যমে একজন পোল্ট্রি খামারী খুব সহজেই মোবাইল ফোন দিয়ে খামার পরিচালনা, প্রতিদিনের কাজকর্ম, হিসাব-নিকাশ করা, ২৪/৭ ডাক্তারের সাথে সম্পৃক্ত থাকা, IoT ডিভাইসের মাধ্যমে খামারের তাপমাত্রা, হিউমিডিটি অ্যামোনিয়া গ্যাস পর্যবেক্ষণ করা সহ সব ধরনের পন্য ক্রয়-বিক্রয় করতে পারবেন।

একজন ক্রেতা মুরগী অথবা ডিমের QR Code ব্যবহার করেই স্মার্ট মুরগী ও স্মার্ট ডিমের সকল হিস্ট্রি জানতে পারবে।

অ্যাপটি ডাউনলোড করতে নিচের QR Code টি স্ক্যান করুন



মানু ফার্মস, বাংলাদেশ
বাড়ি ১৯৩, রোড ১, ডিওএইচএস মহাখালী, ঢাকা-১২১২
ফোন +৮৮০ ১৩১৬২৮৬৩৪১
https://www.manufarms.com

পোল্ট্রি ম্যানেজার অ্যাপ

পোল্ট্রি ম্যানেজার অ্যাপটি ব্যবহার করে একজন পোল্ট্রি খামারি মোবাইল ফোন দিয়ে খামার পরিচালনা , প্রতিদিনের কাজকর্মের হিসাব-নিকাশ রাখা এবং ২৪/৭ ডাক্তার সেবা সহযোগিতা, IoT ডিভাইসের মাধ্যমে খামারের তাপমাত্রা, হিউমিডিটি, অ্যামোনিয়া গ্যাস পর্যবেক্ষণ সহ সব ধরনের পণ্য ক্রয়-বিক্রয় করে তার খামারকে স্মার্ট খামারে পরিণত করতে পারে।

পোল্ট্রি ম্যানেজার অ্যাপটি নিম্নোক্ত চারটি মডিউল নিয়ে কাজ করে।

১. খামার ব্যবস্থাপনা

১ক. দৈনন্দিন কাজকর্ম
১খ. প্রতিদিনের হিসাব- নিকাশ
১গ. খামার পরিচালনায় সহায়তা



২. স্বাস্থ্য ব্যবস্থাপনা

২ক. ২৪/৭ ডাক্তার সহযোগিতা
২খ. অনলাইন প্রেসক্রিপশন ও টেলিমেডিসিন
২গ. IoT ডিভাইস দ্বারা খামার পর্যবেক্ষণ
২ঘ. টিকা শিডিউল এবং নোটিফিকেশন



৩. সাপ্লাই চেইন ব্যবস্থাপনা

৩ক. কন্ট্রাক্ট ফার্ম ব্যবস্থাপনা
৩খ. ডিস্ট্রিবিউশন ব্যবস্থাপনা





৪. বাজারজাত করন

৪ক. অনলাইনে বাচ্চা, মুরগী এবং ডিম ক্রয় বিক্রয়
৪খ. অনলাইনে খাবার, ঔষধ ও টিকা ক্রয় বিক্রয়

কেন একজন খামারি আমাদের পোল্ট্রি ম্যানেজার অ্যাপ টি ব্যবহার করবে ?

পোল্ট্রি ম্যানেজার অ্যাপটি ব্যবহার করে একজন খামারি ঝামেলা ছাড়া ডিজিটালি খামারের সব কাজের হিসাব - নিকাশ রাখতে পারে এবং যেকোনো সময় সব তথ্য চেক করতে পারেন। (২৪/৭) ডাক্তার সেবা নেয়ার মাধ্যমে মুরগীর রোগ নিরাময় এবং মৃত্যুহার কমিয়ে আনা সম্ভব। ঠিক সময়ে মুরগীর টিকা শিডিউলের নোটিফিকেশন পেতে খামারিরা পোল্ট্রি ম্যানেজার অ্যাপটি ব্যবহার করতে পারে। পোল্ট্রি ম্যানেজার অ্যাপটি ব্যবহার করে খামারি উদ্যোক্তারা খামার পরিচালনার নির্দেশনা পেতে পারেন।

পোল্ট্রি ম্যানেজার অ্যাপটি দুইভাবে ডাউনলোড করা যায়।

১.কিউ আর কোড স্ক্যান এর মাধ্যমে
অ্যাপটি ডাউনলোড করতে নিচের QR Code টি স্ক্যান করুন

এবং ২. প্লে স্টোর থেকে ডাউনলোডের মাধ্যমে **(Poultry Manager)**
https://shorturl.at/uAKY7



কিভাবে একটি নতুন অ্যাকাউন্ট তৈরি করবেন ?


একটি নতুন অ্যাকাউন্ট তৈরি করতে একজন খামারিকে কিছু তথ্য দিয়ে একটি ফর্ম পূরণ করতে হবে। সেগুলো পর্যায়ক্রমে-খামারির নাম, ফোন নাম্বার, জেলা, থানা, পাসওয়ার্ড এবং অ্যাকাউন্ট এর ধরন নির্বাচন করে অ্যাকাউন্ট তৈরি করুন লিখাটি চেপে নতুন অ্যাকাউন্ট তৈরি করুন ।

পরবর্তী ধাপে ভেরিফিকেশন কোড আসবে, ভেরিফিকেশন কোডটি দিয়ে অ্যাকাউন্টটি সচল করুন। অ্যাকাউন্টটি সচল হওয়ার পর, খামার তৈরি করুন।




খামার/ফার্ম তৈরী

লগইন করার পর (+) খামার তৈরী করুন আইকনটি ক্লিক করুন।
প্রথমে মুরগীর জাত/ধরন নির্বাচন করুন, একটি ফর্ম আসবে, ফর্মটি সঠিকভাবে পূরন করুন।



ফার্ম তৈরির পরবর্তী ধাপ শেড তৈরি করা। একজন খামারি তার প্রয়োজন অনুযায়ী কয়েকটি শেড তৈরি করতে পারে। যেমন ব্রুডার, গ্রোয়ার, প্যারেন্ট শেড অথবা ইনকিউবেটর।




কিভাবে ব্রুডার শেড তৈরি করবেন ?
ব্রুডার শেড তৈরি করতে শেডের নাম এবং শেডের ক্যাপাসিটি প্রদান করুন। তৈরি করুন লেখাটি ক্লিক করুন।

কিভাবে গ্রোয়ার শেড তৈরি করবেন ?
গ্রোয়ার শেড তৈরি করতে শেডের নাম এবং শেডের ক্যাপাসিটি প্রদান করুন। তৈরি করুন লেখাটি ক্লিক করুন।

কিভাবে প্যারেন্ট শেড তৈরি করবেন ?
প্যারেন্ট শেড তৈরি করতে শেডের নাম এবং শেডের ক্যাপাসিটি প্রদান করুন। তৈরি করুন লেখাটি ক্লিক করুন।

কিভাবে ইনকিউবেটর তৈরি করবেন ?

ইনকিউবেটরের ক্যাপাসিটি, এবং কি ধরনের ইনকিউবেটর সেই তথ্য প্রদান করুন। ইনকিউবেটরের এর শ্রেণী সেটার হ্যাচার নাকি দুটোই নির্বাচন করুন, সেটার বা হ্যাচারের ট্রের সংখ্যা প্রদান করুন এবং ইনকিউবেটর পদ্ধতি স্বয়ংক্রিয় বা ম্যানুয়াল নির্বাচন করুন অতপর ইনকিউবেটর শেড তৈরি করুন লেখাটি ক্লিক করুন। শেড তৈরির পরবর্তী ধাপ ব্যাচ তৈরি করা ।



কিভাবে ব্যাচ তৈরি করবেন ?

একটি ব্যাচ তৈরি করতে নিচের ফর্ম পুরন করতে হবে । ফর্মটিতে ব্যাচ সম্পর্কে যে তথ্য দিতে হবে তা পর্যায়ক্রমে ব্যাচের ধরন (ব্রুডার / গ্রোয়ার / প্যারেন্ট অথবা ইনকিউবেটর) যেকোনো একটি নির্বাচন করুন মোট পরিমাণ, প্রতিটির একক দাম, কত দিন বয়সের কিনেছেন এবং ব্যাচ তৈরির তারিখ নির্বাচন করে ব্যাচ তৈরি করুন লেখাটি ক্লিক করে নতুন ব্যাচ তৈরি করুন ।




ব্যাচ বন্ধ করবেন কিভাবে ?

কোন ব্যাচ সম্পূর্ণ বিক্রয় যোগ্য হবার পর ব্যাচটি বন্ধ করুন। ব্যাচটি বন্ধ করতে চাইলে আপনি পরবর্তীতে এই ব্যাচের কোন এক্টিভিটি পরিচালনা করতে পারবে না ।



খামার ব্যবস্থাপনা


দৈনন্দিন কাজকর্ম



ব্যাচ পরিচালনাঃ


একটি ব্যাচের নাম, শেডের নাম, শুরুর তারিখ,মোট সংখ্যা এবং ব্যাচটির বয়স কত দিন এবং তা জানতে ব্যাচ ম্যানেজ / পরিচালনা অপশনটি দেখুন ।





ফিডিংঃ

একজন খামারি প্রতিদিন তার মুরগীকে কি পরিমাণে কোন খাবার দিচ্ছে তা ফিডিং অপশনে যোগ করবেন। খামারিদের পোল্ট্রি ম্যানেজার অ্যাপটি মুরগীর সংখ্যা অনুযায়ী খাবারের পরিমাণ নিজেই গাইড করবেন।




মেডিসিন প্রদানঃ


একটি ব্যাচ চালাতে খামারি মুরগীকে কয়েকটি মেডিসিন দিয়ে থাকে,মেডিসিন প্রদানের শিডিউল পোল্ট্রি ম্যানেজার অ্যাপটি নির্দেশনা দিবে।

টিকা প্রদানঃ

একটি ব্যাচ চালাতে খামারি মুরগীকে কয়েকটি টিকা দিয়ে থাকে,টিকা প্রদানের শিডিউল পোল্ট্রি ম্যানেজার অ্যাপটি গাইড করবে।



হিসাবনিকাশ



ক্রয়ঃ

একটি খামারের বাচ্চা, খাবার, ঔষধ, টিকা, শেড / খাঁচা / ঘর এবং মুরগী ক্রয়ের তথ্য ক্রয় অপশনে রাখুন।

বিক্রয়ঃ

একটি খামারের বাচ্চা, মুরগী, ডিম এবং অপ্রয়োজনীয় জিনিস বিক্রয়ের তথ্য বিক্রয় অপশনে রাখুন।




কিভাবে একজন কর্মচারী নিয়োগ দেবেন ?

পোল্ট্রি ম্যানেজার অ্যাপে লগইন করে উপরে থাকা থ্রি ডট অপশন থেকে ইউজার সেটিংস সিলেক্ট করুন। একদম নিচে থাকা কন্টাক্ট লোগোতে ক্লিক করুন। পরবর্তী পেইজে কর্মচারীর নাম, মোবাইল নাম্বার এবং পাসওয়ার্ড দিয়ে কর্মচারীর একাউন্ট তৈরী করুন ।


কিভাবে কর্মচারীর কাজ নির্ধারণ করবেন?

কর্মচারীর লিস্ট হতে নির্দিষ্ট কর্মচারীর কাজের ধরন নির্ধারণ করতে কর্মচারীর নামের উপর ক্লিক করুন। ড্রপডাউন মেনু থেকে ম্যানেজার, ব্যাচ সহকারী, খাদ্য সহকারী, ক্রয় সহকারী, বিক্রয় সহকারী, ডিম সহকারী, ভ্যাকসিন সহকারী, ঔষধ সহকারী, ডাক্তার সাহায্য থেকে যেকোনো একটি বা একাধিক বাছাই করে সংরক্ষণ করুন চাপুন ।



একজন খামারি তার খামারে কয়েকজন কর্মচারী নিয়োগ দিতে পারে, কর্মচারীরা শুধু খামারির বাছাইকৃত কাজই করতে পারবে ।

খামার পরিচালনায় সহায়তা





হেল্পলাইনঃ

পোল্ট্রি বিষয়ক যেকোন প্রশ্নের উত্তর জানতে আমাদের হেল্পলাইনে কল করুন।

ফিডব্যাকঃ

ফিডব্যাক লিখুন, আমরা আপনার ফিডব্যাক গ্রহন করেছি। পরবর্তীতে আপনাকে আপডেট জানানো হবে।






IoT ডিভাইসের মাধ্যমে খামারের তাপমাত্রা, হিউমিডিটি,অ্যামোনিয়া গ্যাস পর্যবেক্ষণ এবং এস.এম.এস নোটিফিকেশন।

স্বাস্থ্য ব্যবস্থাপনা
২৪/৭ ডাক্তার সহযোগিতা


টিকেট তৈরি করুনঃ


একজন খামারি ডাক্তার সেবা নেয়ার জন্য প্রথমে একটি ফর্ম পুরন করে টিকেট তৈরি করবেন।



ডাক্তারের পরামর্শ নিনঃ

সরাসরি ডাক্তারের কাছে থেকে আপনার যেকোনো সমস্যা নিয়ে ভিডিও/অডিও ও ম্যাসেজের মাধ্যমে পরামর্শ নিন।






অনলাইনে প্রেসক্রিপশনঃ

ভেরিফাইড ডাক্তার দ্বারা চিকিৎসা প্রদান করা হয়। পোল্ট্রি অবস্থা পর্যবেক্ষণ করে যথাযথ ভাবে প্রেসক্রিপশন প্রদান করা হয় এবং প্রতিটি প্রেসক্রিপশনে ডাক্তারের স্বাক্ষর বিদ্যমান।



টেলিমেডিসিনঃ

একজন ফার্মার ২৪ঘন্টা টেলিমেডিসিন সেবা পেয়ে থাকেন ভিডিও/ভয়েস ও ম্যাসেজের মাধ্যমে।




স্বাস্থ্য ব্যবস্থাপনাঃ

আই ও টি ডিভাইস দ্বারা খামারের তাপমাত্রা, অ্যামোনিয়া গ্যাস এবং হিউমিডিটি পর্যবেক্ষণ খুবই গুরুত্বপূর্ণ ।

হিট নিয়ন্ত্রনঃ

প্রচণ্ড গরমে মুরগী হিট স্ট্রোক করে মারা যায়, আই ও টি ডিভাইস খামারের তাপমাত্রা পর্যবেক্ষণ করে খামারিকে সতর্ক করতে পারে এবং পরবর্তী পদক্ষেপ নিতে সাহায্য করতে পারে ।




অ্যামোনিয়া গ্যাসঃ

অ্যামোনিয়া গ্যাসের পরিমাণ বেড়ে গেলে মুরগী অসুস্থ হয়ে যায় এবং মারা যেতে পারে, IoT ডিভাইস খামারের অ্যামোনিয়া গাসের পরিমাণ পর্যবেক্ষণ করে খামারিকে পরবর্তী পদক্ষেপ নিতে সাহায্য করে থাকে ।

হিউমিডিটিঃ

হিউমিডিটি একটি খামারের জন্য অনেক ভূমিকা পালন করে । ইঙ্কিউবেটর পর্যায়ে হিউমিডিটি ৮০ ডিগ্রির নিচে থাকলে মুরগীর বাচ্চা স্বাস্থ্যবান হয় না , এক্ষেত্রে আই ও টি ডিভাইস খামারের হিউমিডিটি পর্যবেক্ষণ করে মুরগীর বাচ্চার সুস্বাস্থ্য নিশ্চিত করে ।

স্বাস্থ্য ব্যবস্থাপনা



টিকা প্রদানের নিয়মঃ

টিকা প্রদানের জন্য একজন খামারিকে কিছু তথ্য দিয়ে একটি ফর্ম পুরন করে টিকা দিন লেখাটি চাপুন।

টিকা ফিল্টারঃ

একজন খামারি কোন ব্যাচের মুরগীকে টিকা প্রদান করতে চাইছেন তা টিকা ফিল্টারের মাধ্যমে বাছাই করতে পারবেন। এতে করে খুব সহজেই ভুল-ত্রুটি এড়ানো সম্ভব।



সাপ্লাই চেইন ব্যাবস্থাপনা



কন্ট্রাক্ট ফার্মিংঃ

কন্ট্রাক্ট ফার্মিং পোল্ট্রি ম্যানেজার অ্যাপের একটি অংশ। কন্ট্রাক্ট ফার্মিং এর মাধ্যমে খামারি কোন কোম্পানির শর্ত অনুযায়ী মুরগী লালন পালন করে আবার কোম্পানির কাছেই মুরগী/হাঁসগুলো বিক্রি করবেন।



ডিস্ট্রিবিউশন ব্যাবস্থাপনাঃ


পোল্ট্রি ম্যানেজার অ্যাপের মাধ্যমে কিভাবে খামারি, ডাক্তার, কাস্টমার, সরবরাহকারী, ডিস্ট্রিবিউটর, স্লটার হাউজ , সুপার শপ, সরাসরি সম্পূর্ণ কানেক্টেড থাকে তা বোঝা যায় ।

বাজারজাত করন



অনলাইনে বাচ্চা, মুরগী ও ডিম ক্রয়ঃ

অনলাইনে বাচ্চা, মুরগী ও ডিম ক্রয় করুন।








অনলাইনে খাবার, ঔষধ, টিকা ক্রয় করুনঃ

আপনার খামারের জন্য প্রয়োজনীয় টিকা, ঔষধ এবং খাবার কিনুন পোল্ট্রি ম্যানেজার অ্যাপের মাধ্যমে ।



অনলাইনে বাচ্চা, মুরগী ও ডিম বিক্রয়ঃ

পোল্ট্রি ম্যানেজার অ্যাপ এর মাধ্যমে আপনার খামারে মুরগী , ডিম এবং ওল্ড প্যারেন্ট মুরগী বিক্রয় করে বাজারজাত করুন ।



অনলাইনে খাবার, ঔষধ, টিকা বিক্রয় করুনঃ

পোল্ট্রি ম্যানেজার অ্যাপের মাধ্যমে আপনার খামারের জন্য প্রয়োজনীয় টিকা, ঔষধ, খাবার এবং পোল্ট্রি সম্পর্কিত সকল পণ্য বিক্রি করতে পারছেন।

